

নির্দেশ বিজ্ঞপ্তি নং : ৭৬৪/২০১৭

তারিখ : ১৩ আগস্ট, ২০১৭ খ্রিষ্টাব্দ
২৭ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/সকল বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা/সকল এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয় : “জনতা ডিপোজিট স্কিম (জেডিএস)” চালুকরণ প্রসঙ্গে।

মহোদয়,

গত ১৯/০৭/২০১৭ ইং তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৮৩তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বিদ্যমান স্কিমসমূহের মধ্যে নিম্নোক্ত স্কিমসমূহ সার্কুলার জারীর তারিখ থেকে বন্ধ করা হল। তবে বিদ্যমান হিসাবসমূহ মেয়াদপূর্তি পর্যন্ত চালু থাকবে।

ক্রমঃ	প্রকল্পের নাম	মেয়াদকাল	মাসিক কিস্তির পরিমাণ	চক্রবৃদ্ধি সুদের হার
১.	জনতা ব্যাংক সঞ্চয়ী পেনশন স্কিম (জেবিএসপিএস)	৫ বছর।	১০০/-, ২০০/-, ৩০০/-, ৪০০/- ও ৫০০/-	৯%
২.	জনতা ব্যাংক ডিপোজিট স্কিম (জেবিডিএস)	১০ বছর।	৫০০/-, ১,০০০/-, ২,০০০/-, ৫,০০০/-, ১০,০০০/- ও ২০,০০০/-	৮.৫০%
৩.	এডুকেশন ডিপোজিট স্কিম (ইডিএস)	৪,৬,৮ ও ১০ বছর	১,০০০/-, ২,০০০/-, ৩,০০০/-, ৪,০০০/- ও ৫,০০০/-	৮.৫০%
৪.	মেডিকেল ডিপোজিট স্কিম (এমডিএস)	৫ বছর।	৫০০/-, ১,০০০/-, ২,০০০/-, ৩,০০০/-, ৪,০০০/-, ৫,০০০/-, ৬,০০০/-, ৭,০০০/-, ৮,০০০/-, ৯,০০০/- ও ১০,০০০/-	৮%
৫.	মাসিক মুনাফা স্কিম (জেবিএমবিএস)	৩ বছর।	ন্যূনতম ৩০০,০০০/-	৯%
৬.	জনতা ব্যাংক মাসিক সঞ্চয় প্রকল্প (জেবিএমএসএস)	৪ ও ৬ বছর।	৫০০/-, ১,০০০/-, ২,০০০/-, ৫,০০০/-, ১০,০০০/-, ২০,০০০/- ও ২৫,০০০/-	৯% ও ৮.৫০%
৭.	জনতা ব্যাংক দ্বিগুণ মুনাফা স্কিম (জেবিডিবিএস)।	৮ বছর	এককালীন ৫০,০০০/- ও এর গুণিতক	৯.৩৪%
৮.	জনতা ব্যাংক অবসর সঞ্চয় প্রকল্প (জেবিএলআরএসএস)	৩-১২ বছর	৫,০০,০০০/-	১২%
৯.	অবসর সঞ্চয় প্রকল্প (আরএসএস)	২-৫ বছর	৩,০০,০০০/-	১১%

পাশাপাশি ব্যাংকের কোর ডিপোজিটের উন্নয়নকল্পে “জনতা ডিপোজিট স্কিম (জেডিএস)” নামে ৬% চক্রবৃদ্ধি সুদের হারে ৫ (পাঁচ) বছর মেয়াদী একটি সঞ্চয় প্রকল্প চালু করার অনুমোদন দেয়া হয়েছে। উক্ত সঞ্চয় প্রকল্পের আওতায় হিসাব খোলা ও পরিচালনার নীতিমালা নিম্নরূপঃ

১.০০ঃ স্কিমের নামঃ “জনতা ডিপোজিট স্কিম (জেডিএস)”।

২.০০ঃ হিসাবের মেয়াদকালঃ ৫ (পাঁচ) বছর।

৩.০০ঃ মাসিক কিস্তির পরিমাণঃ ১,০০০/-, ২,০০০/-, ৫,০০০/-, ১০,০০০/-, ১৫,০০০/-, ২০,০০০/- ও ২৫,০০০/- টাকা।

৪.০০ঃ সুদের হারঃ বার্ষিক ৬% চক্রবৃদ্ধিহারে।

৫.০০ঃ হিসাব খোলার পদ্ধতি এবং নিয়মাবলীঃ

৫.১. আঠার বৎসর কিংবা তদুর্ধ্ব বয়স্ক সুস্থ মস্তিষ্কসম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিক নিজ নামে জনতা ব্যাংক লিমিটেড এর যে কোন শাখায় এ হিসাব খুলতে পারবেন।

৫.২. হিসাব খোলার জন্য প্রয়োজনীয় কাগজপত্র :-

ক) জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স এর ফটোকপি।

খ) হিসাবধারীর সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি।

গ) নমিনীর ০১ কপি ছবি (হিসাবধারী কর্তৃক সত্যায়িত)।

ঘ) সকল ফটোকপি ব্যাংকের নিকট গ্রহণযোগ্য ব্যক্তি কর্তৃক সত্যায়িত হতে হবে।

৫.৩. হিসাব খোলার ফরমে কোনরূপ কাটাকাটি, ঘষামাজা, উপরিলিখন, পরিবর্ধন কিংবা পরিমার্জন কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না।

৫.৪. যুগ্ম নামে এ প্রকল্পের আওতায় হিসাব খোলা যাবে না। একই নামে একাধিক হিসাব খোলা যাবে না।

৫.৫. নাবালক/নাবালিকার নামে অভিভাবক কর্তৃক হিসাব খোলা/পরিচালনা করা যাবে।

৫.৬. এ প্রকল্পের আওতায় খোলা হিসাব ৫০০.০০ (পাঁচশত) টাকা স্থানান্তর ফি প্রদান সাপেক্ষে এক শাখা থেকে অন্য শাখায় স্থানান্তর করা যাবে।

৫.৭. বিজ্ঞপ্তিতে বর্ণিত মাসিক কিস্তির পরিমাণ ব্যতীত অন্য কোন পরিমাণ কিস্তিতে হিসাব খোলা হলে হিসাবটি আপনাপনি বন্ধ হয়ে যাবে। তার জন্য হিসাব খোলার কর্মকর্তা, শাখা ব্যবস্থাপক এবং হিসাবধারী সমভাবে দায়ী থাকবেন।



চলমান পাতা-০২

বিষয় : “জনতা ডিপোজিট স্কীম (জেডিএস)” চালুকরণ প্রসঙ্গে।

পূর্ববর্তী পৃষ্ঠার পরঃ

৬.০০ঃ মাসিক কিস্তি জমাদান পদ্ধতিঃ

৬.১. এ প্রকল্পের আওতায় খোলা হিসাবের বিপরীতে আমানতকারীকে প্রতি মাসের ০১ তারিখ থেকে ১০ তারিখের মধ্যে হিসাব খোলার ফরমে উল্লেখিত মূল্যমান অনুযায়ী সংশ্লিষ্ট মাসের কিস্তি জমা প্রদান করতে হবে। কোন মাসে কিস্তি জমা প্রদানের সর্বশেষ তারিখ সরকারী/সাপ্তাহিক ছুটির দিন হলে পরবর্তী প্রথম কার্যদিবসে স্বাভাবিক নিয়মে মাসিক কিস্তির অর্থ জমা করা যাবে।

৬.২. মাসিক কিস্তির টাকা নগদে জমা করতে হবে। তবে আমানতকারী অন্যত্র বদলী হয়ে গেলে এমটি/টিটি/জেবি রেমিটেন্স এর মাধ্যমে কিস্তি জমা করতে পারবেন। তবে এমটি/টিটি/জেবি রেমিটেন্স এমন সময়ে প্রেরণ করতে হবে যাতে কিস্তি জমার জন্য নির্ধারিত তারিখের মধ্যে উক্ত টাকা হিসাবে জমা হয়। অন্যথায় হিসাবধারী ঐ মাসের কিস্তি খেলাপী হিসেবে বিবেচিত হবেন।

৬.৩. আমানতকারীর নামে একই শাখায় অন্য কোন সঞ্চয়ী/চলতি হিসাব থাকলে সে হিসাব হতে উক্ত প্রকল্পের আওতায় খোলা হিসাবে মাসিক কিস্তি স্থানান্তরের ব্যাপারে আমানতকারী শাখাকে লিখিতভাবে স্থায়ী নির্দেশ প্রদান করতে পারবেন। তবে এরূপ ক্ষেত্রে আমানতকারীকে সংশ্লিষ্ট সঞ্চয়ী বা চলতি হিসাবে পর্যাপ্ত স্থিতি সংরক্ষণ করতে হবে এবং স্থায়ী নির্দেশনার অধীনে প্রতিটি লেনদেনের জন্য ২০ (বিশ) টাকা (১৫% ভ্যাট সহ) হারে স্থানান্তর ফি প্রদান করতে হবে। পর্যাপ্ত স্থিতি না থাকার কারণে কিস্তি খেলাপী হলে ব্যাংক কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৬.৪. এ প্রকল্পের আওতায় অগ্রীম কিস্তি জমা দেয়া যাবে। তবে জমাকৃত অগ্রীম কিস্তির উপর সুদ প্রদান করা হবে না। যে কিস্তি যে মাস হতে প্রাপ্য সে মাস হতে সুদ প্রদান করা হবে।

৭.০০ঃ সুদের হারঃ বার্ষিক ৬% চক্রবৃদ্ধিহারে। প্রত্যেক শাখায় মাসিক ভিত্তিতে যথাযথভাবে প্রদেয় সুদের প্রভিশন রাখতে হবে। এ বিষয়ে কোন ব্যত্যয় ঘটলে শাখা প্রধান দায়ী হবেন। বার্ষিক ভিত্তিতে সুদ প্রদান করতে হবে।

৮.০০ঃ নমিনী মনোনয়নঃ

৮.১. আমানতকারীকে তার হিসাবে নমিনী নিযুক্ত করতে হবে এবং যে কোন সময় লিখিত আবেদনের মাধ্যমে নমিনী পরিবর্তন করতে পারবেন।

৮.২. আমানতকারীর মৃত্যুর পরই নমিনী হিসাবের অর্থ প্রাপ্য হবেন। এ ক্ষেত্রে সাকসেশন সার্টিফিকেট গ্রহণের প্রয়োজন হবে না। নমিনীর বিষয়ে নিশ্চিত হয়ে শাখা পর্যায়েই নিষ্পত্তিযোগ্য হবে।

৮.৩. নমিনীকে হিসাবের স্থিতি পরিশোধের জন্য নিম্নোক্ত কাগজ পত্রাদি উপস্থাপন করতে হবেঃ

(ক) নমিনী/আইনানুগ অভিভাবকের (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) আবেদনপত্র।

(খ) আমানতকারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র।

(গ) নমিনীর আইনানুগ অভিভাবকের (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

(ঘ) নমিনী অথবা আইনানুগ অভিভাবক (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) কর্তৃক ব্যাংকের অনুকূলে সম্পাদিত ইনডেমনিটি বন্ড।

(ঙ) নমিনীর পরিচয় যাচাইয়ের জন্য ছবি ও স্বাক্ষর সত্যায়ন পূর্বক স্থানীয় চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র।

৯.০০ঃ মেয়াদ উত্তীর্ণের পূর্বে হিসাব বন্ধ করা হলেঃ

গ্রাহক ইচ্ছা করলে যে কোন সময় সংশ্লিষ্ট শাখা প্রধানের বরাবরে লিখিত আবেদন করে স্বীয় হিসাব বন্ধ করতে পারবেন। এ ক্ষেত্রে নিম্নোক্ত নিয়মাবলী পরিপালনযোগ্য হবেঃ

৯.১. ১ (এক) বৎসর উত্তীর্ণ হওয়ার পূর্বে হিসাব বন্ধ করা হলে নিয়মানুযায়ী সরকারী কর ও অন্যান্য পাওনা কর্তনের পর অবশিষ্ট টাকা আমানতকারীকে ফেরৎ দেয়া হবে। এ ক্ষেত্রে কোন প্রকার সুদ প্রদান করা হবে না।

৯.২. ১-৫ বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে নিয়মানুযায়ী সরকারী কর ও অন্যান্য পাওনা কর্তনের পর সঞ্চয়ী হিসাবের সুদ হারে সরল সুদ প্রদান করা হবে।

১০.০০ঃ হিসাব বন্ধ হওয়া ও পুনঃচালুকরণঃ

১০.১. মাসিক কিস্তি নির্ধারিত তারিখের মধ্যে জমা প্রদানে ব্যর্থ হলে পরবর্তীতে মাসিক প্রতি একশত টাকায় ২ (দুই) টাকা হারে জরিমানা মাসিক কিস্তির সাথে একীভূত করে জমা প্রদান করা যাবে, তবে তিন মাসের অধিক বকেয়া কিস্তি প্রদান করা যাবে না। হিসাব পরিচালনাকালীন সময়ে এ সুবিধা চার বারের অধিক প্রাপ্য হবে না। শর্ত থাকে যে হিসাবের মেয়াদপূর্তিতে যদি দেখা যায় যে, ভুলক্রমে কোন কিস্তি (সর্বোচ্চ ২টি) জমা প্রদান করা হয়নি, এবং হিসাবধারী ইতোপূর্বে তিন বারের অধিক সুবিধা ভোগ করেননি সে ক্ষেত্রে মেয়াদপূর্তির সময় মাসিক প্রতি একশত টাকায় ২ (দুই) টাকা হারে জরিমানাসহ বকেয়া কিস্তি আদায়যোগ্য হবে।

উদাহরণ


পেনাল ইন্টারেস্ট আদায়ের পদ্ধতি :- ১,০০০/- (এক হাজার) টাকার মাসিক কিস্তি পর পর তিন মাস যদি কিস্তি খেলাপী হয় তবে পেনাল ইন্টারেস্ট আদায়ের হিসাব নিম্নরূপঃ-

একটি খেলাপী কিস্তির জন্য কিস্তির অতিরিক্ত পেনাল ইন্টারেস্ট	-২০টাকা
দুইটি খেলাপী কিস্তির জন্য কিস্তির অতিরিক্ত পেনাল ইন্টারেস্ট	-৬০টাকা
তিনটি খেলাপী কিস্তির জন্য কিস্তির অতিরিক্ত পেনাল ইন্টারেস্ট	-১২০টাকা

ধরে নেয়া যাক, কিস্তি তিনটি জানুয়ারি, ফেব্রুয়ারি ও মার্চ মাসে খেলাপী হয়েছে যা এপ্রিল মাসের কিস্তির সাথে পেনাল ইন্টারেস্টসহ জমা দেয়া হবে। এক্ষেত্রে

জানুয়ারি মাসের পেনাল ইন্টারেস্ট	২০+২০+২০ =৬০+মাসিক কিস্তি ১,০০০/- টাকা মোট =১০৬০ টাকা
ফেব্রুয়ারি মাসের পেনাল ইন্টারেস্ট	২০+২০ =৪০+মাসিক কিস্তি ১,০০০/- টাকা মোট =১০৪০ টাকা
মার্চ মাসের পেনাল ইন্টারেস্ট	২০ =২০+মাসিক কিস্তি ১,০০০/- টাকা মোট =১০২০ টাকা
এপ্রিল মাসের কিস্তি	= ০+মাসিক কিস্তি ১,০০০/- টাকা মোট =১০০০ টাকা
সর্বমোট	=৪১২০ টাকা

১০.২. একাধারে পরপর চার মাস কিস্তি প্রদান বন্ধ থাকলে হিসাবটি আপনা আপনি বন্ধ হয়ে যাবে। এরূপ বন্ধকৃত হিসাবের টাকা ৯.০০ নং কর্মিকের হিসাব অনুযায়ী প্রদেয় হবে।



১১.০০ঃ মেয়াদ পূর্তিতে পরিশোধ পদ্ধতিঃ

৫ (পাঁচ) বছর মেয়াদপূর্তিতে হিসাবধারী সুদ-আসলসহ নিম্নাবর্ণিত ছকের ৫ নং কলামে উল্লেখিত পরিমাণ অর্থ এককালীন প্রাপ্য হবেনঃ

ক্রম	কিস্তির পরিমাণ	মোট কিস্তির পরিমাণ	৫ বছর মেয়াদান্তে মোট প্রদেয়	
			TIN সার্টিফিকেট থাকলে সকল কর্তনান্তে প্রদেয়	TIN সার্টিফিকেট না থাকলে সকল কর্তনান্তে প্রদেয়
০১	০২	০৩	০৫	০৬
০১	১০০০	৬০০০০	৬৮১৪৪	৬৭৬২৬
০২	২০০০	১২০০০০	১৩৬০৩৪	১৩৫০০৩
০৩	৫০০০	৩০০০০০	৩৪১৬১৮	৩৩৯০৩৫
০৪	১০০০০	৬০০০০০	৬৮৫১৬১	৬৭৯৯৮৮
০৫	১৫০০০	৯০০০০০	১০২৮১৩১	১০২০৩৬৩
০৬	২০০০০	১২০০০০০	১৩৭১০৫২	১৩৬০৬৯৩
০৭	২৫০০০	১৫০০০০০	১৭১৫০২৫	১৭০২০৬৭

১২.০০ঃ হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদানঃ

হিসাবধারী ইচ্ছা করলে তদীয় হিসাবের স্থিতি লিয়েনপূর্বক নিম্ন বর্ণিত শর্তে ঋণ গ্রহণ করতে পারবেঃ

০১	সংশ্লিষ্ট হিসাবের স্থিতি	ঃ	নূন্যতম ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।
০২	ঋণ সীমা	ঃ	হিসাবে নিজস্ব জমার সর্বোচ্চ ৮০%।
০৩	ঋণের সময়কাল	ঃ	লোন-২ বৎসর, ওভার ড্রাফট ১২ (বার) মাস। তবে সংশ্লিষ্ট হিসাবের মেয়াদপূর্তির পর ঋণ/ওভার ড্রাফট এর মেয়াদ নির্ধারণ করা যাবে না।
০৪	ঋণের প্রকৃতি	ঃ	লোন (সাধারণ)/ওভার ড্রাফট।
০৫	ঋণ প্রাপ্তির যোগ্যতা	ঃ	কেবলমাত্র চালু এবং হালনাগাদ নিয়মিত কিস্তি পরিশোধিত হিসাবের ক্ষেত্রে এ ধরনের ঋণ মঞ্জুর করা যাবে। নাবালকের হিসাবে ঋণ মঞ্জুর করা যাবে না।
০৬	মঞ্জুরীর ক্ষমতা	ঃ	শাখা প্রধান।
০৭	সুদের হার	ঃ	৯%।
০৮	পরিশোধ পদ্ধতি-লোনের ক্ষেত্রে	ঃ	লোনের ক্ষেত্রে নির্ধারিত কিস্তির ভিত্তিতে আদায়যোগ্য। তবে ৬ (ছয়) মাসের সমপরিমাণ ঋণের কিস্তি ওভারডিউ হলে জেডিএস হিসাবটি বন্ধ করে (৯ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নিয়মানুযায়ী) লোন হিসাবটি সমন্বয় করতে হবে।
০৯	পরিশোধ পদ্ধতি- ওভার ড্রাফট এর ক্ষেত্রে	ঃ	ওভার ড্রাফট এর ক্ষেত্রে ওভার ড্রাফট এর নিয়মাবলী প্রযোজ্য হবে। তবে এই ধরনের ওভার ড্রাফট শ্রেণীকৃত হতে পারবে না। এ ধরনের সম্ভাবনা দেখা দিলে জেডিএস হিসাবটি বন্ধ করে (৯ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নিয়মানুযায়ী) ওভার ড্রাফট হিসাবটি সমন্বয় করতে হবে।
১০	দলিল পত্রাদি	ঃ	লোন (জেনারেল)/ওভার ড্রাফট এর ক্ষেত্রে প্রযোজ্য দলিল পত্রাদি।
১১	স্বীকৃতি	ঃ	সকল শর্ত উল্লেখ পূর্বক ঋণ বিতরণের পূর্বে ঋণ গ্রহীতার স্বীকৃতি গ্রহণ করতে হবে।

১৩.০০ঃ বিশেষ নির্দেশাবলীঃ

- ১৩.১. এ হিসাবের বিপরীতে কোন চেকবই প্রদান করা হবে না।
- ১৩.২. হিসাবধারীর মৃত্যু হলে হিসাবটি আপনা আপনি বন্ধ বলে গণ্য হবে।
- ১৩.৩. হিসাবের কিস্তির পরিমাণ পরিবর্তন করা যাবে না।
- ১৩.৪. উৎসে কর ব্যতীত অন্যান্য আদায়যোগ্য সরকারী পাওনা বিধি মোতাবেক কর্তনযোগ্য।
- ১৩.৫. কোন হিসাবের বিপরীতে ঋণ প্রদান করা হলে এবং ঋণের অর্থ সম্পূর্ণভাবে পরিশোধের পূর্বে হিসাবধারীর মৃত্যু হলে আমানতের স্থিতি হতে ঋণের বকেয়া সমন্বয়ের পর অবশিষ্ট স্থিতি (যদি থাকে) নমিনীকে প্রদেয় হবে।
- ১৩.৬. সরকারী আদেশ/নির্দেশের প্রেক্ষিতে কর/অন্যান্য পাওনা আদায়যোগ্য হবে।
- ১৩.৭. হিসাব খোলার নিয়মাবলী/নীতিমালা একটি সাদা কাগজে টাইপ করে/ফটোকপি করে সরবরাহ করতে হবে যা হিসাবধারী পাঠ করে সম্মতিপূর্বক স্বাক্ষর করবেন (উল্লেখিত সকল শর্তাধীনে হিসাব খুলতে সম্মত আছি)।
- ১৩.৮. মেয়াদপূর্তিতে সকল কিস্তি জমা হয়েছে মর্মে নিশ্চিত হতে হবে। সকল কিস্তি জমা নিশ্চিত হওয়ার পর সরকারী কর্তন, সুদ প্রদান পুনঃ নিশ্চিত হয়ে নির্ধারিত পরিমাণ অর্থ প্রদেয় হবে।

১৪.০০ ঃ হিসাব খোলা ও পরিচালনার জন্য ফরম, স্বাক্ষর কার্ড ও পাশবই এর ব্যবহার ঃ

- ১৪.১. বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশিত অভিন্ন হিসাব খোলার ফরম এই সংশ্লিষ্ট পরিচালনার জন্য ব্যবহৃত হবে।
- ১৪.২. জেনারেল লেজারে “জনতা ডিপোজিট স্কীম (জেডিএস)” নামে একটি এবং তৎসংশ্লিষ্ট “জনতা ডিপোজিট স্কীম (জেডিএস)” সুদ হিসাব” নামে অপর একটি হিসাব খুলতে হবে যার উপ-খাত ও কোড নম্বর হবে নিম্নরূপঃ-

Sl.	Sub-Head	Accounts Code	MIS Code (only for Area Offices)	JB Soft	Status
1	Janata Deposit Scheme (JDS)	0040R	00242	1210201026	Liability
2	Intt. On Janata Deposit Scheme (JDS)	1019S	3010129	1240101046	Expenditure



চলমান পাতা-০৪

বিষয় : “জনতা ডিপোজিট স্কীম (জেডিএস)” চালুকরণ প্রসঙ্গে।

পূর্ববর্তী পৃষ্ঠার পরঃ

- ১৪.৩. অন্যান্য সুদবাহী সঞ্চয়ী হিসাবের ন্যায় এই সঞ্চয় স্কীমের ক্ষেত্রেও মাসিক ভিত্তিতে প্রভিশন করে শাখার সুদ হিসাব ডেবিট পূর্বক “জনতা ডিপোজিট স্কীম (জেডিএস)” সুদ হিসাবে ক্রেডিট করতে হবে।
- ১৪.৪. মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধের ক্ষেত্রে হিসাবের অতিরিক্ত সুদ বিবিধ আয় খাতে জমা করতে হবে।
- ১৪.৫. মাসিক ভিত্তিতে হিসাবের ব্যালেন্স করতে হবে।
- ১৪.৬. বিজ্ঞপ্তি প্রকাশের পর প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক দ্রুততম সময়ের মধ্যে উক্ত সঞ্চয়ী স্কীমের জমা স্লিপ/অভিন্ন জমা স্লিপ বই ডিজাইন ও প্রিন্টিং এর ব্যবস্থা গ্রহণ পূর্বক শাখা সমূহে সরবরাহের ব্যবস্থা করতে হবে। উক্ত কার্য সম্পাদন এর মধ্যবর্তী সময়ে বন্ধকৃত স্কীমের জমার রশিদে ‘জেডিএস’ নাম লিখে টাকা জমা গ্রহণ করতে হবে।

১৫.০০ঃ হিসাবের প্রতিবেদন প্রেরণঃ

জেডিএস এর আওতায় খোলা হিসাবের সংখ্যা এবং টাকার পরিমাণ উল্লেখপূর্বক নিম্নের ছক অনুযায়ী একটি প্রতিবেদন প্রণয়ন করে শাখাগুলি উক্ত প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী এরিয়া অফিসে প্রেরণ করবে। এরিয়া অফিসগুলি তাদের আওতাধীন শাখাসমূহ হতে প্রাপ্ত বিবরণী একীভূত করে ২০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্টে প্রেরণ করবে। কর্পোরেট শাখাসমূহ এবং স্থানীয় কার্যালয় পরবর্তী মাসের ২০ তারিখের মধ্যে প্রতিবেদন সরাসরি বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্টে প্রেরণ করবে।

ছক

জনতা ব্যাংক লিমিটেড

বিভাগীয়/এরিয়া/শাখা.....

..... মাসের জেডিএস এর আওতায় খোলা হিসাবের বিবরণী।

ক্রমিক নং	পূর্ববর্তী মাস পর্যন্ত খোলা হিসাবের সংখ্যা	চলতি মাসে খোলা হিসাবের সংখ্যা	শুরু হতে চলতি মাস পর্যন্ত মোট হিসাবের সংখ্যা	হিসাবের মোট স্থিতি	মন্তব্য

১৬.০০ঃ শাখাসমূহ এ সঞ্চয় প্রকল্পের আওতায় বিশেষ সুবিধাসমূহ উল্লেখ করে হিসাব খোলার জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করবে এবং স্বল্পসময়ে সর্বোচ্চ সংখ্যক হিসাব খোলার লক্ষ্যমাত্রা গ্রহণ করবে।

১৭.০০ঃ এ প্রকল্পের আওতায় হিসাব খোলার কার্যক্রম অনতিবিলম্বে আরম্ভ হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত চালু থাকবে।

বর্ণিতাবস্থায়, উপরোক্ত নীতিমালা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হল।

আপনার বিশ্বস্ত,
১৩.০৬.১৭
(মোঃ মিজানুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
Dr.

13-06-17
(মোঃ মিজানুর রহমান)
মহাব্যবস্থাপক